

2022
BENGALI
[HONOURS]
Paper : VIII

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১×৫=৫
- ক) 'সাহিত্যতত্ত্ব' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- খ) 'লোকসাহিত্য' গ্রন্থটি কে লিখেছিলেন?
- গ) ভবভূতির 'মালতীমাধব' নাটকে মাধবের পিতার নাম কী? নাটকটি কটি অঙ্কে বিভক্ত?
- ঘ) 'হ্যামলেট' (Hamlet) শেকসপিয়রের নাটকের কোন্ ধরনের চরিত্র?
- ঙ) বাৎসর্যয়ন বংশ-সম্ভব ব্রাহ্মণ রচয়িতার নাম লেখো।
- চ) রবীন্দ্রনাথের কোন্ প্রবন্ধে বনস্পতির প্রশংসা আছে?
- ছ) ধ্বনিবাদীরা কাব্যকে দুটি শ্রেণীতে ভাগ করেছিলেন, সেগুলি কী কী?
- জ) ঋতুসংহার কাব্যে মোট কয়টি ঋতু, কয়টি সর্গ আছে?

[পরের পাতায়]

- ২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- ক) ধ্বনিবাদীরা কাব্যকে কটি শ্রেণীতে বিভক্ত করেছেন? সেগুলি কী কী?
- খ) কালিদাসের অমর সৃষ্টি (নাটক) কোন্টি? এই নাটকের তিনটি চরিত্রের নাম লেখো।
- গ) 'রসবাদ'-এ নয়টি রস রয়েছে, সেগুলির নাম লেখো।
- ঘ) 'সাহিত্যের পথে' গ্রন্থটি কত সালে লেখা হয়েছিল? এই গ্রন্থে কটি প্রবন্ধ আছে?
- ঙ) 'The Defence of Poetry' কত সালে লেখা হয়েছিল? কে লিখেছিলেন?
- চ) 'ছড়া' চর্চার সূত্রপাত হয়েছিল কত সাল থেকে? উইলিয়াম কেরির কোন্ গ্রন্থের হাত ধরে?
- ছ) 'উদ্দীপন বিভাব' বলতে কী বোঝ?
- জ) 'The Thorn', 'Goody Blake' কবিতাগুলি কে লিখেছেন? কোন্ গ্রন্থে এগুলি আছে?
- ঝ) রবীন্দ্রনাথ সাহিত্য প্রবন্ধটির সূচনা করেছেন তিনটি বাণী দিয়ে। সেগুলি কী কী?
- ঞ) ব্যঞ্জনা শক্তির স্বরূপ সংক্ষেপে লেখো।
- ট) শূদ্রক কোন্ দেশের বিদ্বান ছিলেন? শূদ্রক সম্পর্কে সুকুমারী ভট্টাচার্য কী বলেছেন?
- ঠ) ধাঁধার দুটি বিশেষত্ব লেখো।

৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৫ = ৩০$

- ক) 'মেঘদূত' কাব্যে কালিদাস প্রকৃতির যে বর্ণনা দিয়েছেন তা বুঝিয়ে দাও।
- খ) ধ্বন্যালোকবৃত্তিতে আনন্দবর্ধনের কৃতিত্ব বিচার করো।
- গ) পি. বি. শেলির কাব্যপ্রতিভা বিচার করো।
- ঘ) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধের মূলভাব ব্যক্ত করো।
- ঙ) গীতিকার সংজ্ঞা স্বরূপ আলোচনা করো।
- চ) 'এক রস অন্য রসের ব্যভিচারির কাজ করে।' — বুঝিয়ে দাও।
- ছ) 'মুচ্ছকটিক' নাটকে 'বসন্তসেনা' চরিত্রের সার্থকতা লিপিবদ্ধ করো।
- জ) লোকসাহিত্যের সংজ্ঞা ও স্বরূপ সংক্ষেপে আলোচনা করো।

৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১৫ \times ৩ = ৪৫$

- ক) ইংরেজি সাহিত্যের ইতিহাসে কবি হিসাবে ওয়ার্ডসওয়ার্থের অবদান বুঝিয়ে দাও।
- খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'দেনাপাওনা' অথবা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পুঁইমাচা' গল্পটির নাট্যরূপ রচনা করো।
- গ) কালিদাস কাব্য না নাট্যরচনায় শ্রেষ্ঠ তা তুলনামূলক আলোচনা করে বুঝিয়ে দাও।
- ঘ) উদাহরণসহ ছেলেভুলানো ছড়া, কন্যাবিষয়ক ছড়া ও প্রকৃতি বিষয়ক ছড়ার পরিচয় দাও।

19(A)

[3]

[পরের পাতায়]

ঙ) বিংশ শতাব্দীর নাট্যসাহিত্যে জর্জ বার্নার্ড শ কতটা ব্যতিক্রমী ছিলেন তা তাঁর নাটকগুলি অবলম্বনে ব্যাখ্যা করো।

চ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'পোষ্টমাস্টার' অথবা শরৎচন্দ্রের 'মহেশ' গল্পটির নাট্যরূপ রচনা করো।

19(A)

[4]